



**গাজীপুর সিটি কর্পোরেশন**  
নগর ভবন  
প্রশাসন শাখা  
gcc.gov.bd



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

গাজীপুর সিটি কর্পোরেশনের ২৩.১১.২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদের ১৯ম মাসিক ভার্চুয়াল সভার কার্যবিবরণীঃ-

সভাপতি	ঃ	জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
সভার স্থান	ঃ	সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন।
সভার তারিখ	ঃ	২৩.১১.২০২০ খ্রিঃ, রোজ সোমবার।
সভার সময়	ঃ	বেলা ১১:০০ ঘটিকা।

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে ভার্চুয়াল সভার কাজ শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: আমিনুল ইসলাম সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচির আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-

আলোচ্যসূচী -০১ : বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :-

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
০১.	সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: আমিনুল ইসলাম বিগত মাসিক ভার্চুয়াল সভার কার্যবিবরণী সভায় পড়ে শুনান।	বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব গাজীপুর সিটি কর্পোরেশন

আলোচ্যসূচী -০২ : রাজস্ব বিষয়ক আলোচনা;

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
সভায় উপস্থিত প্রধান রাজস্ব কর্মকর্তা জানান যে, প্রতিটি জোনে রাজস্ব আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে। ট্রেড লাইসেন্স, শিল্প লাইসেন্স, আবাসিক ও বাণিজ্যিক কর আদায়ের জন্য কর আদায়কারী লাইসেন্স সহযোগী ও ওয়ার্ড সচিবদের সম্মুখে প্রতি ওয়ার্ডে আদায় কার্যক্রম জোরদার করার অনুরোধ করা হয়েছে। এছাড়া নোটিশ ও মাইকিং মাধ্যমে প্রচার কার্যক্রম চালানোর জন্য অনুরোধ করা হয়েছে।	সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ট্রেড লাইসেন্স, শিল্প লাইসেন্স, আবাসিক ও বাণিজ্যিক কর আদায়ের জন্য কর আদায়কারী লাইসেন্স সহযোগী ও ওয়ার্ড সচিবদের সম্মুখে প্রতি ওয়ার্ডে আদায় কার্যক্রম জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান রাজস্ব কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন

**আলোচ্যসূচী -০৩ : বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা;**

<p>২৭ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মো: জাবেদ আলী সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের জোন-৪ এর বিভিন্ন স্থানে ময়লা আর্বজনা পরে আছে। তা দ্রুত অপসারণের জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার দৃষ্টি আর্কষণ করেন। এ প্রসঙ্গে মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, আগামী ২৪ ঘণ্টার মধ্যে সকল ময়লা অপসারণের জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাকে নির্দেশ দেন।</p>	<p>সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:- আগামী ২৪ ঘণ্টার মধ্যে সকল ময়লা অপসারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন</p>
--	--	--

**আলোচ্যসূচী -০৩ : স্বাস্থ্য বিষয়ে আলোচনা;**

<p>গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা জনাব ডা: মোহাম্মদ রহমত উল্লাহ সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের নগর মাতৃসদন কেন্দ্র নাগরীকদের সেবা কার্যক্রম চলমান আছে। এছাড়া সিটি কর্পোরেশন হতে জোন-১ ও জোন-৪ এর রুটিন ইপিআই কার্যক্রম চলমান আছে। জোন-২,৩,৫,৬,৭,৮ ওলি উপজেলা স্বাস্থ্য কর্মক্ষেত্র এর মাধ্যমে ইপিআই কার্যক্রম চলমান আছে।</p>	<p>সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:- গাজীপুর সিটি কর্পোরেশনের নগর মাতৃসদন কেন্দ্র নাগরীকদের সেবা কার্যক্রম ও স্বাস্থ্য কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>স্বাস্থ্য বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন</p>
---	--	---

অতঃপর সভার সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ জাহাঙ্গীর আলম  
মেয়র

গাজীপুর সিটি কর্পোরেশন।

তারিখঃ ২৬/১১/২০২০ খ্রিঃ

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.০৬.০০১.২০-৪১৯/১ (১৬)

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. প্রধান সম্পত্তি কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. আইন কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১২. নির্বাহী প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১৩. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা-এর অবগতির জন্য)।
১৫. জনাব .....
১৬. অফিস কপি।

গাজীপুর সিটি কর্পোরেশন।